

## প্রধান শিক্ষকের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

■ নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার সাতমোড়া ইউনিয়নের চুওরিয়া উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ করিম মিয়ার বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাৎ-এর অভিযোগ পাওয়া গেছে।

গত বুধবার উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর ওই স্কুলের তৃতীয় শ্রেণির ছাত্রীর অভিভাবক মো. মনির হোসেন ম্যানেজিং কমিটির সভাপতি নূর মোহাম্মদ তারেক-এর সুপারিশসহ লিখিত এ অভিযোগ করেন। ওই বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্রী ইমা আক্তার রোল নং ৩৩ কে উপবৃত্তির টাকা দেয়া হয়নি। তার অভিভাবক বিষয়টি নিয়ে ওই প্রধান শিক্ষকের সাথে কথা বলতে গেলে তিনি দুর্ব্যবহারসহ টাকা নেই, উপজেলা শিক্ষা কর্মকর্তা টাকা নিয়ে গিয়েছে বলে তাড়িয়ে দেন। স্থানীয়রা জানায়, শুধু এটা নয়, এমন অনেক ছাত্র/ছাত্রীদের টাকা তিনি দেন না, প্রভাব খাটিয়ে হাজার হাজার টাকা আত্মসাৎ করে আসছেন।

এ ব্যাপারে অভিযুক্ত প্রধান শিক্ষক মো. করিম তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে মিথ্যা ভিত্তিহীন বলে দাবি করেছেন। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা শরিফ মো. শফিকুল ইসলাম উপবৃত্তির টাকা আনেননি উপবৃত্তি ব্যাংক কর্তৃপক্ষের তত্ত্বাবধানে হয় জানিয়ে বলেন, অভিযোগ পেয়েছি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।